



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২১৮.৩২.০০১.১৯.২৮

তারিখ: ০৬-০৬-২০১৯ খ্রি.

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানে ভর্তির নিয়মাবলী

এতদ্বারা সংশ্লিষ্ট অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে সরকারি পলিটেকনিক এ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ১ম পর্বে ছাত্র-ছাত্রীদের ক্লাস আগামী ০১-০৮-২০১৯ ইং তারিখে শুরু হবে। সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/টিএসসি সমূহে ভর্তিকৃত শিক্ষার্থীদের নামের তালিকা ওয়েবসাইট লিংকের মাধ্যমে ২২-০৭-২০১৯ ইং তারিখের মধ্যে প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। এছাড়া অন্যান্য প্রয়োজনীয় নির্দেশনাবলী নিম্নে প্রদান করা হলো:

- ১। ভর্তি ফরম ছাত্র-ছাত্রী কর্তৃক স্ব-হস্তে পূরণ করে অত্র প্রতিষ্ঠানে জমা নিতে হবে (ভর্তি ফরম ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে www.btebadmission.gov.bd)।
- ২। ভর্তির সময় ছাত্র-ছাত্রীদের অবশ্যই মূলনম্বরপত্র জমা নিতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় মূলনম্বরপত্র কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে।
- ৩। ছাত্র-ছাত্রীর পাসপোর্ট সাইজের (০৩) কপি সত্যায়িত রঙিন ছবি জমা ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রসংশাপত্রের ফটোকপি জমা নিতে হবে।
- ৪। কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল সনদ দেখে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭, বরাবর ২৫/০৮/২০১৯ ইং তারিখের মধ্যে পুরাতন ভবনের ৪র্থ তলা ৪১২ নং কক্ষে প্রেরণ করতে হবে। মিথ্যা সনদ প্রমাণিত হলে উক্ত শিক্ষার্থীর ভর্তি বাতিল গণ্য হবে।

প্রযোজ্য ক্ষেত্রে মূল সনদসমূহ নিম্নরূপ :

- ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র।
- খ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান অথবা কাউন্সিলার কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করত্রে হবে।
- গ) শিক্ষা মন্ত্রণালয়াদীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারির সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অধিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র।
- ঘ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র/পরিচয়পত্র জমা নিতে হবে।
- ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদি ট্রেড কোর্সধারীদের সনদ। প কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক প্রতিষ্ঠানসমূহে নিম্নলিখিত খাত অনুযায়ী ভর্তি ফি ৮০৫/- (আটশত পাঁচ) টাকা রশিদের মাধ্যমে আদায় করতে হবে।

| ক্রমিক নং | টাকা আদায়ের খাত | টাকার হার |
|-----------|---|-----------|
| ০১ | ইনস্টিটিউট জামানত (ক্লাস শুরুর এক সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে) | ৪০০.০০ |
| ০২ | অভ্যন্তরীণ পরীক্ষার ফি (মধ্য পর্ব, ক্লাস টেস্ট ও কুইজ টেস্ট) | ১২০.০০ |
| ০৩ | পরিচয় পত্র ফি | ৩০.০০ |
| ০৪ | অভিভাবক দিবস ফি (প্রতি সেমিস্টার) | ২০.০০ |
| ০৫ | মেডিক্যাল পরীক্ষা ফি (ভর্তির সময়) | ১০০.০০ |
| ০৬ | বেডুন বই (ভর্তির সময়) | ১৫.০০ |
| ০৭ | সাইকেল গ্যারেজ ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ২০.০০ |
| ০৮ | বিদ্বিধ | ১০০.০০ |
| | মোট= | ৮০৫.০০ |

এবং ০৮-০৮-২০১৯ ইং তারিখের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক ওয়েবসাইট লিংকের মাধ্যমে অনুপস্থিত তালিকা প্রেরণ করতে হবে। অনুপস্থিত তালিকা যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ করতে হবে, অন্যথায় প্রতিষ্ঠানের কোন দায়িত্বের অবহেলায়/ভুলের কারণে শিক্ষার্থী ভর্তি বাতিল হলে ব্যক্তিগতভাবে অধ্যক্ষ দায়ী হবেন।


(মোঃ জাহিরুল ইসলাম)
উপ-পরিচালক (এলএমডি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।